



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

নম্বর-৪৯.০৪.০০০০.১২১.১১.০০১.২৬- ০৬

তারিখ: ০৮/০২/২০২৬খ্রিঃ।

বিজ্ঞপ্তি

প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের “প্রতিবন্ধী ভাতা-২০২৬” প্রদানের জন্য আবেদন আহ্বান

প্রবাসী কর্মীর সন্তানদের “প্রতিবন্ধী ভাতা” প্রদানের নিমিত্ত প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতা/অভিভাবকের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

(১) আবেদনের যোগ্যতা:

- ক) যে সকল প্রবাসী কর্মী বিএমইটি’র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণ করেছেন;
- খ) মৃত কর্মীর ক্ষেত্রে যাদের পরিবারকে ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে;

(২) মাসিক ২০০০/- (দুই) হাজার টাকা হারে বাৎসরিক ২৪০০০/- (চব্বিশ হাজার) টাকা ০৭ বছর মেয়াদের জন্য এ ভাতা প্রদান করা হবে এবং ১লা জানুয়ারি ২০২৬ থেকে তা কার্যকর হবে;

(৩) একজন প্রবাসী কর্মীর একাধিক সন্তানের ক্ষেত্রে পৃথকভাবে আবেদন করতে হবে (সর্বোচ্চ-২ জন);

(৪) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে-

- ক) প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার পাসপোর্ট এর ফটোকপি (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);
- খ) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC (সরাসরি আবেদনের ক্ষেত্রে);
- গ) সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রতিবন্ধী সন্তানের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং অনলাইনে আবেদনের ক্ষেত্রে ০১ (এক) কপি ছবি;
- ঘ) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রদত্ত সুবর্ণ নাগরিক পরিচয়পত্র/কার্ড এর সত্যায়িত ফটোকপি (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);
- ঙ) প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার বিএমইটি’র বহির্গমন ছাড়পত্রের পৃষ্ঠাসহ পাসপোর্ট এর ফটোকপি (সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য);
- চ) চেক গ্রহণকারী পিতা/মাতা/অভিভাবকের (ব্যাংক রাউটিং নাম্বার সহ) ব্যাংক হিসাবের স্টেটমেন্ট (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);

(৫) আবেদনের প্রক্রিয়া:

ক) অনলাইনে আবেদন-

- ১) অনলাইনে আবেদনের লিংক: <https://portal.wewb.gov.bd/>
- ২) অনলাইনে আবেদন গ্রহণের সময়: ১৫ ফেব্রুয়ারি ২০২৬ হতে ৩১ মার্চ ২০২৬ পর্যন্ত;

খ) সরাসরি আবেদনের-

- ১) শুধুমাত্র ০১-১২-২০০৪ইং তারিখের পূর্বে ইস্যুকৃত পাসপোর্টে ম্যানুয়াল বহির্গমন ছাড়পত্রের ক্ষেত্রে বোর্ডের উপ-পরিচালক(তথ্য ও জনসংযোগ) অথবা সহকারী পরিচালক/সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত) প্রবাসী কল্যাণ সেন্টার কর্তৃক মূল পাসপোর্ট উপস্থাপনপূর্বক সত্যায়ন করে আবেদন সাথে জমা দিতে হবে;
- ২) সরাসরি আবেদনের জন্য ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়/ বোর্ডের ওয়েবসাইট www.wewb.gov.bd / প্রবাসী কল্যাণ সেন্টার হতে আবেদনপত্র বিনা মূল্যে সংগ্রহ করা যাবে;
- ৩) সরাসরি আবেদন গ্রহণের সময় ও ঠিকানা: আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ৩১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড, ৯ম তলা (ডেসপাস শাখা), প্রবাসী কল্যাণ ভবন, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকার ঠিকানায় পৌছাতে হবে;

(৬) আবেদনে তথ্য ভুল প্রমাণিত হলে অথবা কোন তথ্য অসম্পূর্ণ থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৭) প্রতিবন্ধী ভাতা প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(৮) ২০২১, ২০২২, ২০২৩, ২০২৪ এবং ২০২৫ সালে “প্রতিবন্ধী ভাতা” প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই;

(৯) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কল সেন্টারে (দেশ থেকে: ১৬১৩৫ টোল ফ্রি, বিদেশ থেকে +৮৮০৯৬১০১০১০৩০) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ সাইদুর রহমান
উপসচিব

পরিচালক (তথ্য প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা)
d.irp@wewb.gov.bd